

সীমিত
খাতওয়ারী ডিসেম্বর ২০১৭ সালের সাফল্য- বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী

১। সর্বমোট অর্জন। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী ডিসেম্বর ২০১৭ মাসের সর্বমোট ৭১ কোটি ৮৯ লক্ষ ৯৫ হাজার ১৯০ টাকার সাফল্য অর্জন করে।

২। চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে আটককৃত উল্লেখযোগ্য সাফল্য। গত ২১ ডিসেম্বর ২০১৭ মাসে গোপন সংবাদের ভিত্তিতে কোস্ট গার্ড বাহিনী পশ্চিম জোন বিশেষ অভিযান পরিচালনার মাধ্যমে একটি ট্রাক তলচাশি করে চোরাচালানকৃত অবৈধ ২৭১৪ পিস খ্রি পিস, ১১২২ পিস লেহেঙ্গা, ১৩৯ পিস ওয়ান পিস ও ০৭ টন লোহার পাত আটক করে যার আনুমানিক মূল্য টাকা ৩ কোটি ৩৪ লক্ষ ৮১ হাজার। এছাড়াও ডিসেম্বর ২০১৭ মাসে চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে সর্বমোট ৪ কোটি ৯৭ লক্ষ ০২ হাজার ৪৪০ টাকার অবৈধ পণ্য আটক করা হয়। আটককৃত বিভিন্ন দ্রব্যের বিবরণ নিম্নরূপঃ

ক্রমিক	আটককৃত মালামাল	পরিমাণ	মূল্য (টাকা)
চোরাচালান পণ্য			
১।	খ্রি পিস	২,৭১৪ পিস	১,৬২,৮৪,০০০/০০
২।	ওয়ান পিস	১৩৯ পিস	৪,১৭,০০০/০০
৩।	লেহেঙ্গা	১,১২২ পিস	১,১২,২০,০০০/০০
৪।	গম	,১২০০ কেজি	১৮,০০০/০০
৫।	ইউরিয়া সার	৩৫০ কেজি	১৭,৫০০/০০
৬।	ড্রাই ফিস	১,৫০০ কেজি	১২,০০,০০০/০০
৭।	কচুপ	২৬ টি	২৬,০০০/০০
৮।	পাংগাস পোনা	৫,৬৪০ কেজি	১৯,৬৬,০০০/০০
৯।	লোহার পাত	০৭ টন	৫,৬০,০০০/০০
১০।	ডেজার/বাল্কহেড	০২ টি	২৫,০০,০০০/০০
১১।	অন্যান্য (ভূট্টা, চিনি, লবণ, পোয়া মাছ, চারু)	-	৭৮,৫০০/০০
অস্ত্র উদ্ধার			
১।	অস্ত্র	০১ টি	-
২।	দা/কুড়াল/করাত	১৩ টি	-
মাদকদ্রব্য			
১।	ইয়াবা	১৪,৩৬১ পিস	৭১,৮০,৫০০/০০
২।	বিভিন্ন ধরনের বিয়ার	১,২০৪ ক্যান	৭,২৩,৫০০/০০
৩।	গাঁজা	৫,২০০ গ্রাম	১,০৪,০০০/০০
বনজ সম্পদ			
১।	বিভিন্ন প্রকার কাঠ	৯৩৩.২ ঘনফুট	৩,৯৫,৪৪০/০০
পরিবেশ রক্ষা			
১।	পলিথিন	৪০০ কেজি	৬০,০০০/০০
২।	হরিণের মাংস	৪০ কেজি	-
৩।	হরিণের চামড়া	০২ টি	-
আটককৃত বাহন			
১।	বোট/ ট্রাক	১১ টি	৯৯,৫২,০০০/০০
আটককৃত জনবল			
১।	বনদস্যু/ডাকাত/অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তি	০৫ জন	-
উদ্ধার অভিযান			
২।	অপহৃত বিপন্ন জেলে উদ্ধার	০৮ জন	-
৩।	অপহৃত বোট উদ্ধার	০৬ টি	-
৪।	দুর্ঘটনা কবলিত বিমানের পাইলট উদ্ধার	০১ জন	-
সর্বমোট			৪,৯৭,০২,৪৪০/০০

সীমিত

৩। মৎস্য সম্পদ রক্ষা অভিযান। মৎস্য সম্পদ রক্ষা অভিযানে নভেম্বর ২০১৭ মাসে সর্বমোট ৬৬ কোটি ৯২ লক্ষ ৯২ হাজার ৭৫০ টাকার ১,১৪,৩৩,৫০০ মিটার কারেন্ট জাল, ৩০,৩০,১০০ মিটার অন্যান্য জাল, ২৮১ পিস বেহন্দি/ মশারি জাল, ১০,৫২৫ কেজি জাটকা, ২০,৮০০ পিস রেনু পোনা, ১৬ জন জেলেকে আটক করা হয়।

৪। রোহিঙ্গা অনুপ্রবেশ রোধ। সম্প্রতি মায়ানমারের বর্ডার গার্ড পুলিশ ও রোহিঙ্গাদের মধ্যে সৃষ্ট অস্থিরতার প্রেক্ষিতে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর স্টেশান টেকনাফ, সেন্টমার্টিন্স ও আউটপোস্ট বাহারছড়া ও শাহপুরীতে অতিরিক্ত জনবল মোতায়েন করা হয়েছে। পাশাপাশি উক্ত স্থানসমূহে সর্বোচ্চ প্রস্তুতি অবলম্বনের মাধ্যমে সার্বক্ষণিক বিশেষ টহল চলমান রয়েছে। এছাড়াও, কোস্ট গার্ড বাহিনী বহরে সদ্য সংযোজিত লিডার ক্লাস অফশোর পেট্রোল ভেসেল (ওপিভি) সমূহ এ কার্যক্রমে নিয়োজিত রয়েছে। কোস্ট গার্ড বাহিনী দায়িত্বপূর্ণ এলাকায় টহল জোরদার করেছে এবং উক্ত এলাকায় অবৈধ অনুপ্রবেশকারীদের গতিবিধির উপর কঠোর নজরদারি বজায় রেখে অবৈধ অনুপ্রবেশ রোধ করা হচ্ছে। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী কর্তৃক ডিসেম্বর ২০১৭ মাসে মোট ২২৩ জন রোহিঙ্গাকে মায়ানমারে ফেরত পাঠানো/আটক করে যথাযথ কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়েছে।

৫। সার্চ এন্ড রেসকিউ অভিযান। গত ২৭ ডিসেম্বর ২০১৭ চট্টগ্রামস্থ বিএএফ বেইস জল্লরুল হক ঘাঁটি হতে কক্সবাজার ও মহেশখালীর মধ্যবর্তী স্থানে বিমানবাহিনীর দুটি প্রশিক্ষণ বিমান বিধ্বংস হওয়ার সাথে সাথে তাৎক্ষণিকভাবে কোস্ট গার্ড বাহিনীর পূর্ব জোনের সিজি স্টেশান কক্সবাজার কর্তৃক কুতুবদিয়া ও মহেশখালীতে সার্চ এন্ড রেসকিউ অভিযান পরিচালনা করা হয়। মহেশখালী ও সোনাদিয়া চ্যানেলের মধ্যে ব্যাপক তলগাশী চালিয়ে সকল নিখোঁজ পাইলটকে উদ্ধার করা হয় যার মধ্যে একজন পাইলটকে কোস্ট গার্ড বাহিনীর সহায়তায় উদ্ধার করা হয়। পরবর্তীতে উদ্ধারকৃত পাইলটকে বিমান বাহিনী (কক্সবাজার) কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়েছে।

৬। অবৈধভাবে সমুদ্রসীমা অতিক্রমকারী বিদেশী নাগরিক/ মৎসজীবীদের পরিসংখ্যান। ডিসেম্বর ২০১৭ মাসে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী কর্তৃক অবৈধভাবে সমুদ্রসীমা অতিক্রমকারী বিদেশী নাগরিক/ মৎসজীবী আটক করা হয় নাই।